

2018

ADVANCE BENGALI

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২
- (ক) শব্দার্থ লেখো :
তুরঙ্গ ; পারিষদ ।
- (খ) “তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।” কার উক্তি ?
- (গ) “কাজ নিয়েছে সে নতুন খবর আনার।”
কে নতুন খবর আনার কাজ নিয়েছে ?
- (ঘ) “দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।”
বক্তা কে ?
- (ঙ) শূন্যস্থান পূরণ করো :
“আমাদের দেশে যেমন রামায়ণ-মহাভারত, প্রাচীন গ্রীসে তেমনি _____
ছিল।”
- (চ) “তখন বুঝিতে পারিলাম সেও যে আমিও সে, সেও পিতা আমিও পিতা।”
কার কথা বলা হয়েছে ?
- (ছ) রাইচরণের বাড়ি কোথায় ছিল ?
- (জ) গুরুচরণের পত্নীর নাম কি ছিল ?
- (ঝ) ‘চর্যাপদ’-এর আবিষ্কারক কে ?
- (ঞ) মঙ্গলকাব্য সাধারণতঃ কয়টি অংশে বিভক্ত ?
- (ট) বৃন্দাবনদাসের ‘চৈতন্যভাগবত’-এর রচনাকাল কী ?
- (ঠ) কালীদাসের জন্মস্থান কোথায় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

- (ক) “তপতী কুমারীমরু আজ চাহে প্রথম পায়ের ধূলি।”
‘তপতী’ কথার অর্থ কী? ‘তপতী’ ও ‘কুমারী’ বলা হয়েছে কেন?
- (খ) “ঘরে তার প্রিয়া একা শয্যায় বিনিদ্র রাত জাগে।”
কার প্রিয়ার কথা বলা হয়েছে? তার বিনিদ্র রাত জাগার কারণ কী?
- (গ) “দৈন্যের দায়ে বেচিব সে মায়ে এমনি লক্ষ্মীছাড়া।”
কে, কাকে বলেছে?
- (ঘ) “এই শৃঙ্গে উঠিলেই তোমার অভীষ্ট সিদ্ধি হইবে।”
কে বলেছিল? অভীষ্টটি কী?
- (ঙ) “সর্বত্রই একটা সাম্য শান্তির ভাব।”
কোথায় সাম্য শান্তির ভাব বিরাজিত? এই সাম্য শান্তির উদাহরণ দাও।
- (চ) “তুই আমার বাছাকে ফিরিয়ে এনে দে—তুই যত টাকা চাস তাকে দেব।”
কে, কাকে বলেছিল?
- (ছ) “বটে! লোক কে চিনতে পারে। আমি বুড়োকে ভালো বলে জানতুম।”
কার উক্তি? ‘বুড়ো’ কাকে বলা হয়েছে?
- (জ) “আমি প্রথমে তাহাকে চিনতে পারিলাম না। তাহার সে ঝুলি নাই, তাহার সে লম্বা চুল নাই, তাহার শরীরে পূর্বের মতো সে তেজ নাই।”
কে, কাকে প্রথমে চিনতে পারেনি?
- (ঝ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের রচয়িতা কে? কাব্যটি কবে প্রকাশিত হয়?
- (ঞ) জ্ঞানদাস কোন্ কালের বৈষ্ণব পদকর্তা ছিলেন? তাঁর জন্ম কোথায় হয়েছিল?
- (ট) মুকুন্দরাম চক্রবর্তী কার অনুরোধে ‘চণ্ডীমঙ্গল’ কাব্য রচনা করেন এবং তিনি তাঁকে কি উপাধি দিয়ে সম্মানিত করেন?
- (ঠ) কবি ভারতচন্দ্র রচিত দুটি গ্রন্থের নাম লেখো। (‘অন্নদামঙ্গল’ ছাড়া)

8C/3

(Continued)

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

৪

কি পেখলুঁ নটবর গৌর কিশোর।
অভিনব হেম কল্পতরু সঞ্চর
সুরধুনী তীরে উজোর ॥

অথবা

তোমাকে দিলাম বোতামবিহীন ছেঁড়া শাট আর
কুমকুম ভরা হাসি।

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

৪

‘কান্তে’ কবিতাটি কবি কাদের উদ্দেশ্য করে লিখেছেন এবং কেন লিখেছেন, আলোচনা করো।

অথবা

‘দুই বিঘা জমি’ কবিতাটি অনুসরণে জমিদারের একটি চরিত্র-চিত্রণ করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

৪

“‘রামায়ণ’-এর প্রধান বিশেষত্ব এই যে, তাহা ঘরের কথাকেই অত্যন্ত বৃহৎ করিয়া দেখাইয়াছে।”

অথবা

“রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ—ইহার অলীকতা ও অবাস্তবতা।”

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

৪

ভগীরথের গঙ্গা আনয়নের বৃত্তান্ত সংক্ষেপে লেখো।

অথবা

‘রাজধর্ম’ অনুসরণে রাম চরিত্র বর্ণনা করো।

৫। সংক্ষিপ্ত উত্তর দাও :

৪

(ক) ‘রামকানাইয়ের নিবুদ্ধিতা’ ছোটগল্পটি অবলম্বনে রামকানাইয়ের চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

(খ) “কাল সন্ধ্যাবেলা জেল হইতে খালাস পাইয়াছি।”

কে জেল থেকে ছাড়া পেয়েছিল এবং তার জেলে যাওয়ার কারণটি লেখো।

8C/3

(Turn Over)

৬। (ক) 'সুদূরের আহ্বান' বলতে কবি কি বোঝাতে চেয়েছেন? এই আহ্বানে কবি কীভাবে সাড়া দিতে চেয়েছেন? ৭

অথবা

(খ) 'উত্তরাধিকার' কবিতায় কবি কাকে, কেন এবং কিসের উত্তরাধিকারী করতে চেয়েছেন, কবিতাটি অনুসরণে বিস্তারিতভাবে আলোচনা করো।

৭। (ক) "শিব ও রুদ্র! রক্ষক ও সংহারক। এখন ইহার অর্থ বুঝিতে পারিলাম।" কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে? এর তাৎপর্য ব্যাখ্যা করো। ৮

অথবা

(খ) রূপকথায় আমাদের বঙ্গদেশের যে সামাজিক ও পারিবারিক ছবি পাওয়া যায় তার পরিচয় দাও।

৮। (ক) 'কাবুলিওয়ালার' ছোটগল্পটি অনুসরণে কাবুলিওয়ালার চরিত্রটি বিশ্লেষণ করো। ৮

অথবা

(খ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' ছোটগল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

৯। (ক) বাংলা সাহিত্য ও সমাজে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৯

অথবা

(খ) কাশীরাম দাসের 'মহাভারত' পাঁচালির সমস্তটাই তাঁর রচনা কি না, আলোচনা করো এবং তাঁর কবি-প্রতিভার মৌলিকতা নির্দেশ করো।

১০। টীকা লেখো (যে কোনো তিনটি) :

৪×৩=১২

রায়শেখর ; নারায়ণ দেব ; ভাগবত ; সৈয়দ আলাওল ; শিবায়ন কাব্য ;
কেতকাদাস ফেমানন্দ ।
